
1023 990 / 3000 Rs.




থানা-চুঁচুড়া,
মৌজা-বালী,
মূল্য - ৩৫,০০০ টাকা
দানপত্র :-

4.2.92

| গ্রহীতা : | দাতা : |
| --- | --- |
| শ্রী জগমোহন বড়াল, | শ্রী শ্যামদাস বড়াল, |
| পিতা - শ্রী শ্যামদাস বড়াল, | পিতা - ৺বিনয় ভূষন বড়াল, |
| জাতি - হিন্দু, পেশা-চাকুরী, | জাতি - হিন্দু, পেশা-অবসরপ্রাপ্ত, |
| সাং - হুগলী বালী বড়ালগলি, | সাং - হুগলী বালী বড়াল গলি, |
| থানা-চুঁচুড়া, পোঃ ও | থানা- চুঁচুড়া, পোঃ ও জেলা- |
| জেলা - হুগলী। | হুগলী। |

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে জেলা ও সাবরেজেষ্ট্রী - হুগলী, থানা-চুঁচুড়ার অধীন জে, এল নং - ১, বালী মৌজায় নিম্নের তপশীল

জের.....২ পাতে

500Rs.






বর্ণিত সম্পত্তি যাহা আমার পিতা মহাশয়ের নিকট হইতে গত ইং ৩।২।৬০ তারিখের রেজেষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং - ৮ পেজেস্ ১৭৫।১৭৮ বিইং নং ৭২৯ নং দানপত্র দলিল মূলে ও গত ইং ২১।৭।৬১ তারিখের রেজেষ্ট্রীকৃত বুক নং ১ ভল্যুম নং ৭২ পেজেস্ ৪৪।৪৬ বিইং নং ৭০১০ নং দানপত্র দলিল মূলে প্রাপ্ত ও অতঃপর গত ইং ১৪।৩।৮৮ তারিখের রেজেষ্ট্রীকৃত বুক নং ১ ভল্যুম নং -২৬, পেজেস - ৩৩৯।৩৪৪ বিইং নং ১৯৯৮ নং আপোষ বিভাগ বন্টননামা দলিল মূলে উক্ত দলিলের (খ) তপশীল বর্ণিত সম্পত্তি আমার নিজাংশে নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইয়া এতাবত উহাতে একক ১, ষোল আনা রকমে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান মতে নির্ব্বিবাদে নিজ ভোগদখলে কায়েম আছি

10 Rs.






এবং উক্ত সম্পত্তি সংশ্লিষ্ট রেকর্ডাদীতে আমার নিজ নাম রেকর্ড ভুক্ত হইয়াছে ও সরকারী রাজস্ব করাদী প্রদান করিয়া আসিতেছি এবং উহার সত্ত্ব দখলাদী পরিচালনা করিয়া আসিতেছি । আমি অত্র দানপত্র দাতা , অত্র দলিল গ্রহীতা আমার একমাত্র পুত্র । আমার বর্তমান বয়ক্রম ৬৭ বৎসর হইয়াছে ও অবসর জীবন যাপন করিতেছি । ক্রমশ: বয়োধিক্য হইতেছে এবং বয়োধিক্য হেতু শরীরে ক্রমশ: বার্দ্ধক্যজনিত জ্বরা ব্যাধি আশ্রয়ের আশঙ্কা পরিলক্ষিত হইতেছে, আর অধিক দিন জীবন ধারনের আশা পোষন করা যায় না , মৃত্যু কালক্ষনের কোন সময় সূচী নাই যে, কোন মুহূর্ত্তেই এই নস্বর জীবদেহের অবসান ঘটিতে পারে অবশ্য পরম করুন শ্রী শ্রী রাধা গোবিন্দের কৃপায় এখনও প্রায় স্বাভাবিকভাবেই দৈনন্দিন সাংসারিক কাজ কর্ম্মের মধ্য দিয়া জীবন অতিবাহিত করিতেছি ।

জের.......৪ পাতা

আমার স্ত্রী ও একমাত্র পুত্র ও একমাত্র কন্যা বর্তমান আছে , আমি বহু অর্থাদি ব্যয়ে ও অলঙ্কারাদী প্রদানে অর্থাৎ যৌতুক দিয়া আমার উক্ত কন্যার বিবাহ সাদী দিয়াছি ও সে তাহার আপন স্বামী গৃহে তার স্বামী পরিজন লইয়া এক-রূপ স্বাচ্ছন্দে দিন যাপন করিতেছে , সুতরাং উক্ত কন্যা সম্পর্কে আমার চিন্তা ভাবনার কোন কারন নাই ও কিছু দিবার নাই । অত্র দলিল গ্রহীতা আমাকে ও আমার স্ত্রীকে যথোচিৎ শুদ্ধাভক্তি সেবা যত্নাদী করিয়া আসিতেছে , ও সে, আমার ও আমার স্ত্রীর বা তাহার মাতার জীবনকাল তক অনুরূপ ভরণ-পোষন রক্ষনাবেক্ষন ও সেবা যত্নাদী দ্বারা তাহার অর্থাৎ পুত্রের কর্তব্য পালন করিবে বলিয়া আমার দৃঢ় প্রত্যয় জন্মিয়াছে, তদনিমিত্ত আমি অত্র দলিল দাতা অত্র দলিল গ্রহীতার প্রতি আমার নৈতিক ও মানবিক কর্তব্য সমাপন কল্পে অত্র দলিল গ্রহীতার প্রতি আমার আন্তরিকতা বা স্নেহের নিদর্শন স্বরূপ আমার স্বত্ব দখলীয় নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি কোং ৩৫,০০০, পঁয়ত্রিশ হাজার টাকা মূল্য ধার্য্য মতে অত্র দলিল গ্রহীতাকে এতদ্বারা এককালিন দান করিয়া চিরনি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং অত্র দলিল গ্রহীতার অনুকূলে অত্র দানপত্র সম্পাদন করিয়া এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার এবং প্রকাশ করিতেছি যে, তপশীলোক্ত সম্পত্তি অদ্যকার তারিখ হইতে সম্পূর্ণ নিব্যূঢ় স্বত্বে অত্র দলিল গ্রহীতার প্রতি বর্তিল । অত্র দলিল গ্রহীতা উহাতে আমার যাবতীয় স্বত্বে সত্ববান মতে দান বিক্রয়াদী সর্ব্ব প্রকার হস্তান্তর ও দায়াবদ্ধকরণের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদী যায় ওয়ারীশান স্থলা-

জের.....৫ পাতা

ভিষিক্ত গণক্রমে যদিচ্ছা মতে ভোগদখল করিবে , তাহাতে আমার ওয়ারিশান স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ কখনও কোনরূপ দাবী দাওয়া বা ওজরাপত্যাদী করিতে পারিবে না , করিলেও তাহা সর্ব্বস্থলে বাতিল ও নামঞ্জুর হইবে । অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণরূপে নিদর্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে । স্থানীয় বি, এল এন্ড এল, আর, ও সেটেলমেন্ট মিউনিসিপ্যালিটী বিদ্যুৎ পর্ষদ আদীতে অত্র দলিল গ্রহীতা তাহা নিজ নাম প্রবর্তন বা রেকর্ড ভুক্ত করাইয়া লইবে এবং ইলেকট্রীক,খাজনা ও ট্যাক্সাদি আদায় দিবে । প্রকাশ থাকে যে, অত্র দলিল গ্রহীতা অত্র দান গ্রহণে সম্মতি প্রকাশ করায় আমি হৃষ্ট চিত্তে অত্র দান সমাপন করিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে , স্বেচ্ছায় , মর্ম্ম সম্যক অবগত মতে অত্র দান পত্র দলিল সম্পাদন করিলাম । ইতি তারিখ বাংলা - ১১ এগারই ফাল্গুন ১৩৯৮ সাল ইংরাজী তাং - ২৪ চব্বিশে ফেব্রুয়ারী ১৯৯২ উনিশ শত বিরানব্বই খৃ:

।। তপশীল সম্পত্তি ।।

জেলা ও সাবরেজেষ্ট্রী হুগলী , থানা চুঁচুড়ার অধিন জে,এল, নং - ১ বালী - মৌজায় - আর, এস - ১২০৬ ও ১২০৭ নং খতিয়ান ভুক্ত ১৩১৫ তের শত পনের দাগে ও $\frac{১৩১৫}{১৫১২}$ তের শত পনের বাটা পনের শত বার দাগে বাস্তু জমি

জের......৬ পাতা

যাহার হাল খতিয়ান নং - ২১১১ নং এল, আর খতিয়ানের ১৬০০ ষোল শত দাগে .৭৮ সহস্রাংশ বাস্তু জমি যাহা ইহার সংযুক্তীয় ও ইহার একাংশীয় নকশায় লাল রেখা দ্বারা চিহ্নিত যাহার পরিমান বাংলা মাপে ৪ চারি কাঠা ১২ বার ছটাক মায় গৃহাদী সমাজ মায় ইহার যাবতীয় প্রকার ইজমেন্ট স্বত্ব ও পথ সত্বাদী সহ। যাহা হুগলী চুঁচুড়া মিউনিসিপ্যালিটীর - ৬ নং ওয়ার্ডের বড়ালপাড়া মহল্লায় - ১২।৭৪ নং হোল্ডিং ভুক্ত।

যাহার চৌহদ্দি :- পূর্বে রাস্তা, পশ্চিমে দিলীপ কুমার সেন এবং ব্রাদার্স, উত্তর -এ হরপ্রসন্ন বড়াল, দক্ষিনে জগন্নাথ দে, ইহার বার্ষিক খাজনা ১, টাকা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি,এল, এ্যান্ড এল, আর ও পো: ও জেলা হুগলী সরকারে দেয়।

ইসাদী -

১। দিলীপ দাস
চুঁচুড়া, হুগলী

২। [illegible]
চুঁচুড়া [illegible]
হুগলী

টাইপকারক :
[signature]
চিন্সুরা কোর্ট
হুগলী।

Radhashyam Roy
Licensed Deed Writer
Chinsurah Court
[illegible]

GIFT DEED PLAN OF

KHATIAN NO. 1206 & 1207 R.S. PLOT NO 1315(P) & $\frac{1315}{1512}$ PART L.R. KHATIAN NO. 2911 AKRI L.R. PLOT NO. 1600


MOUZA- BALLY J.L. NO. 9. SHEET NO. 5

WARD NO. 6 HOLDING NO. 92/74 MAHALLA-BORAL PARA

UNDER HOOGHLY CHINSURAH MUNICIPALITY

P.S. CHINSURAH DIST-HOOGHLY

NOT TO SCALE




N.B. PART OF R.S. PLOT NO. 1315 & $\frac{1315}{1512}$

AREA :- 1315 PART (MORE OR LESS) 2KA-8CH- OR .041 ACRE

AREA :- $\frac{1315}{1512}$ PART (MORE OR LESS) 2KA-4CH OR .037 ACRE

TOTAL AREA :- (MORE OR LESS) 4KA-12CH OR .078 ACRE

SHOWN IN RED BORDER

SIGNATURE OF THE DONER.

L.C NO-2759
TRACED BY
AS-DIRECTED